যুগান্তর

তারিখ 05 MAR 2018
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# সরকারি চাকরিতে ১০১০ কওমি আলেম

যুগান্তর রিপোর্ট

কওমি সনদের সরকারি স্বীকৃতির পর প্রথমবারের মতো ১০১০ জন কওমি আলেম সরকারি চাকরিতে যোগ দিচ্ছেন। আজ সকাল ১০টায় ইসলামিক ফাউন্ডেশনের বাস্তবায়নাধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় কওমি নেসাবের শিক্ষক হিসেবে তারা যোগদান করবেন। বাংলাদেশের ইতিহাসে এমন ঘটনা এটাই প্রথম। রোববার ইসলামিক ফাউন্ডেশনের সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দেয়ার পর গত বছরের ১৩ এপ্রিল কওমি মাদ্রাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের (ইসলামিক স্টাডিজ এবং আরবি) সমমান দিয়ে আদেশ জারি করা হয়। কওমি মাদ্রাসার স্বতন্ত্র বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুল উলুম দেওবন্দের মূলনীতিগুলোকে ভিত্তি ধরে এ আদেশ হয়।

কওমি মাদ্রাসার বিজ্ঞপ্তিতে বলা হয়, যোগদান শেষে সব আলেমদের জন্য তিন দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। আজ বেলা আড়াইটায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান কর্মশালার উদ্বোধন করবেন। এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন ধর্মবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন।